গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মেডিকেল-১ শাখা
www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.২৫৪.১১.০১০.২৪-১৪৯

তারিখ: ১২ কার্তিক ১৪৩২ / ২৮ অক্টোবর ২০২৫

**বিষয়ঃ আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর-এ ১ম শ্রেণির ১৩ (তের)টি শূন্যপদ পূরণের জন্য "ছাড়পত্র" প্রদান।**

সূত্রঃ বাংলাদেশ আনসার ও ভিডিপি সদর দপ্তর এর স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০১.২৫-১৭২৮, তারিখ: ২০/০৮/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর এর "আনসার ও ভিডিপি হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭" অনুযায়ী ১ম শ্রেণির ০৩ ক্যাটাগরির নিম্নবর্ণিত ১৩টি শূন্য পদে যোগ্য প্রার্থী নির্বাচন করে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে "ছাড়পত্র" প্রদান করা হলোঃ

"ছক"

| নং | দপ্তরের নাম | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | ছাড়পত্রকৃত পদসংখ্যা |
|---|---|---|---|
| ১ | বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | মেডিকেল অফিসার, গ্রেড-৯, ২২০০০/--৫৩০৬০/- | ০৯ (নয়) |
| ২ | | ইমার্জেন্সি মেডিকেল অফিসার, গ্রেড-৯, ২২০০০/--৫৩০৬০/- | ০৩ (তিন) |
| ৩ | | ডেন্টাল সার্জন, গ্রেড-৯, ২২০০০/--৫৩০৬০/- | ০১ (এক) |
| | | **মোট=** | **১৩ (তের)** |

শর্তসমূহ:

(ক) উল্লিখিত পদপূরণের ক্ষেত্রে যদি আদালতের কোনো নিষেধাজ্ঞা থাকে, কোনো রিট/মামলা বিচারাধীন থাকে, কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে মাননীয় আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্যপদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ জানুয়ারি ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০.২২ নম্বর পরিপত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) প্রাপ্ত প্রস্তাবে মঞ্জুরিকৃত ও শূন্যপদের সংখ্যায় কোনো গরমিল থাকার কারণে কোনো পদে অতিরিক্ত লোক নিয়োগ দেয়া হলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে;

(ঘ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী নিজস্ব অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক পদপূরণ করতে হবে;

(ঙ) ছাড়পত্র প্রদানকৃত পদসমূহ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে;

(চ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সংক্রান্ত গত ২৩ জুলাই, ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নম্বর পরিপত্র অনুসরণ করতে হবে;

(ছ) অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত পদ পূরণের পূর্বে হালনাগাদ সংরক্ষণ আদেশ সংগ্রহ করতে হবে; এবং

(জ) উক্ত ছাড়কৃত পদ পূরণ করার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে ১৫ কলামে তথ্যছকে সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা শূন্যপদ পূরণের তথ্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মেডিকেল-১ শাখায় প্রেরণ করবে। বর্ণিত তথ্যছক প্রাপ্তির পর স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক তা জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হবে।

স্বাঃ-

মোঃ শফিকুল ইসলাম
সহকারী সচিব
ফোনঃ ০২-২২৩৩৫৪০৫০
E-mail: medical1@mhapsd.gov.bd

মহাপরিচালক
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
খিলগাঁও, ঢাকা।

D:\মেডিকেল-১\১১.০১০.২৪ (আনসার ভিডিপি ছাড়পত্র)\Letter.docx

স্মারক নং-৪৪.০০.০০০০.২৫৪.১১.০১০.২৪-১৪৯/১(৬)

তারিখ: ১২ কার্তিক ১৪৩২
২৮ অক্টোবর ২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব (মেডিকেল অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোঃ শফিকুল ইসলাম
সহকারী সচিব